

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-জনসংযোগ/

তারিখঃ ১২/৪/২০১৭ খ্রি:

আজ বান্দরবানের লামা উপজেলা পরিষদ প্রাঙ্গণে দুর্নীতি দমন কমিশন ও টিআইবি'র যৌথ উদ্যোগে দুর্নীতি দমন কমিশনের ৪৯তম গণশুনানি অনুষ্ঠিত হয়। লামা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) অফিস, পল্লী বিদ্যুৎ অফিস, উপজেলা হিসাবরক্ষণ অফিস, স্বাস্থ্য বিভাগ, সমাজ সেবা অফিস, সাব-রেজিস্ট্রার অফিস, মাধ্যমিক শিক্ষা অফিসসহ অন্যান্য দপ্তরসমূহ এ গণশুনানিতে অংশগ্রহণ করে।

আজকের গণশুনানিতে সেবাপ্রার্থী নাগরিকগণ ভূমি অফিসের ১৭টি, বিদ্যুৎ অফিস নিয়ে ৮টি, উপজেলা হিসাবরক্ষণ অফিস নিয়ে ২টি, স্বাস্থ্য বিভাগ নিয়ে ৮টি, সমাজ সেবা অফিস নিয়ে ২টি, সাব-রেজিস্ট্রার অফিস নিয়ে ৩টি, মাধ্যমিক শিক্ষা অফিস নিয়ে ১টিসহ মোট ৫৪টি অভিযোগ উপস্থাপন করেন।

গণশুনানিতে প্রধান অতিথির বক্তব্যে দুদক কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ বলেন, সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের মালিক জনগণ এবং সরকারি সেবা পাওয়া জনগণের সাংবিধানিক অধিকার। জনগণকে যদি এ সেবা থেকে বঞ্চিত করা হয়, তাহলে তাদের সাংবিধানিক অধিকার খর্ব করা হয়। জনগণের সাংবিধানিক অধিকার খর্ব করার অধিকার কারও নেই। তিনি বলেন, গণশুনানির উদ্দেশ্যে হচ্ছে লামা-কে পার্বত্য অঞ্চলে মডেল উপজেলা হিসেবে গড়ে তোলা।

ভুক্তভোগীদের বক্তব্য শুনে দুদক কমিশনার বলেন, এ অঞ্চলের মানুষ চরমভাবে অবহেলিত। তিনি সেবা প্রদান প্রক্রিয়া সহজতর করার লক্ষ্যে সপ্তাহে একদিন স্ব-স্ব দপ্তরে গণশুনানি আয়োজনের নির্দেশনা দেন। তিনি বলেন, হয়রানিমুক্ত সেবা প্রদান করা সরকারি কর্মকর্তাদের সাংবিধানিক দায়িত্ব।

গণশুনানিতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বান্দরবানের জেলা প্রশাসক দিলীপ কুমার বণিক, পুলিশ সুপার সঞ্জিত কুমার রায়, টিআইবি'র পরিচালক (সিভিল এনগেজমেন্ট) জসিম উদ্দিন ফেরদৌস, দুদক পরিচালক সাঈদ আহমেদ প্রমুখ।

(প্রনব কুমার ভট্টাচার্য্য)

উপপরিচালক

ও

জনসংযোগ কর্মকর্তা

দুর্নীতি দমন কমিশন।